



পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)



PGCB Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212

web: www.pgcb.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪৫৩.১৪.০০১.২২.১৩১৫

তারিখঃ ১৬/১১/২০২২খ্রিঃ

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের বিজ্ঞপ্তি

পিজিসিবি'র ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ ব্যবস্থা প্রকল্প দপ্তরের জন্য মাসিক ভিত্তিতে সর্ব সাফুল্য বেতনে আউট সোর্সিং (Outsourcing) পদ্ধতিতে জনবল সরবরাহের লক্ষ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে 'সিলমোহরকৃত' দরপত্র আহবান করা যাচ্ছে।

১	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ।
	এজেন্সি/প্রতিষ্ঠান/দপ্তর	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড।
২	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা ও ফোন নম্বর	মোঃ আবুল কাশেম, প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ ব্যবস্থা প্রকল্প, পিজিসিবি ভবন, ৯ তলা, এডিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাব নগর, বাজ্জা, ঢাকা-১২১২। মোবাইলঃ +৮৮-০১৭০৯৯৯৭৮৫৮
৩	সরবরাহের নাম	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড কর্তৃক বাস্তবায়নধীন "ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পে আউট সোর্সিং (Outsourcing) পদ্ধতিতে জনবল সরবরাহ।
৪	দরদাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা ও জনবল সরবরাহের অভিজ্ঞতা	আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর" হতে জনবল সরবরাহের হাল সন লাইসেন্স, হাল সন নবায়নকৃত ট্রেড লাইসেন্স, হাল সন আয়কর পরিশোধের সনদ পত্র, ভ্যাট নিবন্ধন সনদপত্র, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র, সরকারী/আধা সরকারী ও রাষ্ট্রায়ত্ত্ব/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে জনবল সরবরাহের অভিজ্ঞতার স্বপক্ষে প্রত্যয়নপত্র এবং দরপত্র দলিলে উল্লিখিত অন্যান্য শর্তাদি।
৫	দরপত্র পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
৬	অর্থের উৎস	পিজিসিবি'র নিজস্ব তহবিল।
৭	প্রস্তাবিত জনবলের সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা	ক্রঃ নং ১ পদের নাম অফিস এ্যাটেন্ডেন্ট পদ সংখ্যা ০২ যোগ্যতা দশম শ্রেণি পাশ বয়স ০১.১২.২০২২ খ্রি. তারিখে অনুর্ধ্ব ৩০ বছর অভিজ্ঞতা অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে কারিগরী মূল্যায়নে আনুপাতিক হারে নম্বর প্রদান করা হবে।
৮	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও স্থান	১৫/১২/২০২২ খ্রিঃ (অফিস চলাকালীন সময়)। ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ ব্যবস্থা দপ্তর, পিজিসিবি ভবন, ৯ তলা, এডিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাব নগর, বাজ্জা, ঢাকা-১২১২।
৯	দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ, সময় ও স্থান	১৮/১২/২০২২ খ্রিঃ, বেলা: ১২:০০ ঘটিকা। ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ ব্যবস্থা দপ্তর, পিজিসিবি ভবন, ৯ তলা, এডিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাব নগর, বাজ্জা, ঢাকা-১২১২।
১০	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	১৮/১২/২০২২ খ্রিঃ, বেলা: ১২:৩০ ঘটিকা। স্থান : ক্রমিক নং-৮ এ বর্ণিত প্রকল্প দপ্তর। অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি ইচ্ছা করলে দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন।
১১	দরপত্র দলিলের মূল্য	টাকা ১০০০.০০ (এক হাজার) (অফেরতযোগ্য) যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে "পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড" এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান পূর্বক ক্রয় করতে হবে।
১২	দরপত্র জামানত ও নিরাপত্তা জামানত	দরপত্র জামানতঃ টাকা ১৫,০০০/- (পনের হাজার) বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে "পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড" এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। নিরাপত্তা জামানত : নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তিমূল্যের ১০% অর্থ নিরাপত্তা জামানত হিসাবে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে "পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড" এর অনুকূলে ব্যাংক গ্যারান্টি জমা দিতে হবে।
১৩	বিশেষ নির্দেশাবলী	চুক্তির মেয়াদ প্রকল্প সমাপ্তির মেয়াদ ৩০ জুন ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।

শর্তাবলীঃ

- দরপত্র দলিলের সকল ধারা বিবেচনায় এনে তার আলোকে শর্তাদি পালন পূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- অফিস চলাকালীন সময়ে দরপত্র সংগ্রহ করা যাবে। মালিক ব্যক্তি প্রতিষ্ঠানের মাধ্যমে দরপত্র দলিলাদি ক্রয়ের বেলায় নমুনা স্বাক্ষরসহ অথোরাইজেশন কপি জমা দিতে হবে। এই দরপত্রাদি পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮ অনুযায়ী পরিচালিত হবে।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণ যোগ্য হবে।
- অভিজ্ঞতার সনদপত্র চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব যোগ্য বলে বিবেচিত হবে কেবল মাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য ডাকা হবে।
- নির্ধারিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত টাকা ৩০০/- (তিনশত) মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না। দরপত্র ডকুমেন্টের চাহিদা অনুযায়ী সকল শীট পূরণ করতে হবে এবং যোগাযোগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর ডকুমেন্টের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কোন জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে নিয়োগকারী কর্তৃপক্ষের কোনরূপ ক্ষতিসাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে।
- নিয়োজিত কর্মচারীকে জনস্বার্থে ছুটির দিনে বা সরকারী অফিস সময়ের আগে-পরে দায়িত্ব পালন করতে হবে।
- দরপত্র দলিল অনুযায়ী দরপত্র জামানত দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী যে কোন সময় দরপত্র বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আবুল কাশেম

প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী

ঢাকা ও পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ ব্যবস্থা প্রকল্প